

জাতীয়

খাগড়াছড়িতে সেনাবাহিনীর বিনামূল্যে চিকিৎসাসেবা, উপকৃত ৮৬১ রোগী



প্রতিবেদক: খাগড়াছড়ি প্রতিনিধি

প্রকাশের তারিখ: শুক্রবার, ১৮ সেপ্টেম্বর ২০২৬, ০৫:৩০ PM



দুর্গম পার্বত্য অঞ্চলের মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে খাগড়াছড়ি জেলা সদর হাসপাতালে বিনামূল্যে চিকিৎসাসেবা দিয়েছে বাংলাদেশ সেনাবাহিনী। এ কার্যক্রমে বিশেষজ্ঞ চিকিৎসকদের কাছ থেকে চিকিৎসা ও প্রয়োজনীয় পরামর্শ পেয়েছেন ৮৬১ জন রোগী।

শনিবার (১২ সেপ্টেম্বর) খাগড়াছড়ি রিজিয়ন ও খাগড়াছড়ি জেলা সদর হাসপাতালের যৌথ উদ্যোগে এ চিকিৎসাসেবা কার্যক্রম পরিচালিত হয়।

এতে সার্জারি, মেডিসিন, চর্মরোগ, স্ত্রীরোগ ও চক্ষু বিভাগের বিশেষজ্ঞ চিকিৎসকেরা রোগীদের চিকিৎসাসেবা ও প্রয়োজনীয় পরামর্শ দেন।

চিকিৎসাসেবা নিতে আসা রোগীদের মধ্যে পাহাড়ি ও বাঙালি উভয় সম্প্রদায়ের মানুষ ছিলেন। খাগড়াছড়ি রিজিয়নের আওতাধীন বিভিন্ন জোনের উদ্যোগ ও ব্যবস্থাপনায় প্রত্যন্ত ও দুর্গম এলাকার রোগীদের হাসপাতালে আনার ব্যবস্থা করা হয়।

যোগাযোগব্যবস্থা ও ভৌগোলিক সীমাবদ্ধতার কারণে এসব এলাকার মানুষের জন্য বিশেষজ্ঞ চিকিৎসকের সেবা গ্রহণ তুলনামূলকভাবে

কঠিন। সেনাবাহিনীর এ উদ্যোগের ফলে তাঁদের বিশেষায়িত চিকিৎসাসেবা পাওয়ার সুযোগ সহজ হয়েছে।

পার্বত্য অঞ্চলে সম্প্রীতি ও আর্থসামাজিক উন্নয়ন ত্বরান্বিত করতে বাংলাদেশ সেনাবাহিনী নিয়মিত মানবিক সহায়তা ও জনকল্যাণমূলক কার্যক্রম পরিচালনা করে আসছে। ভবিষ্যতেও এ ধরনের কার্যক্রম অব্যাহত থাকবে বলে জানানো হয়েছে।

এ বিভাগের আরও খবর



শিশুদের শৈশব হতে হবে নিরাপদ ও সুরক্ষিত: ডা. জুবাইদা রহমান
জিয়াউর রহমান ফাউন্ডেশনের ভাইস চেয়ারম্যান ডা. জুবাইদা রহমান বলেছেন, শিশুদের শৈশব হতে হবে নিরাপদ।
তাদের ভবিষ্যৎ হতে হবে সুরক্ষিত। তবেই ন...



বাংলাদেশে গাড়ি উৎপাদন কারখানা স্থাপন করতে চায় টয়োটা
টয়োটা গ্রুপের কনসাল্টারদের ভাইস চেয়ারম্যান ইচিরো কাশিতানির নেতৃত্বে একটি উচ্চপর্যায়ের প্রতিনিধিদল প্রধানমন্ত্রী তারেক
রহমানের সঙ্গে সৌজন্য সাক...



জুলাই যোদ্ধাদের সুরক্ষা ও দায়মুক্তি সাংবিধানিকভাবে নিশ্চিত হবে: স্বরাষ্ট্রমন্ত্রী
জুলাই যোদ্ধাদের সুরক্ষা ও দায়মুক্তি সাংবিধানিকভাবে নিশ্চিত করা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। মঙ্গলবার
(৬ অক্টোবর) বিক...



ফ্যামিলি কার্ডে সমন্বয় হলে দারিদ্র্যমুক্ত হতে পারে সাড়ে ২৮ লাখ মানুষ: বিশ্বব্যাংক
একাধিক বাদ্যভিত্তিক উল্লুংক কর্মসূচি একীভূত করে ফ্যামিলি কার্ডের সঙ্গে বিদ্যমান নগদ সহায়তা কর্মসূচির আরও কার্যকর সমন্বয় করা গেলে অতিরিক্ত ২৮...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/national/khagrachhrite-senabahinir-binamulje-chikitsaseba-upkrit-861-rogi>